

37

বাণিজ্যিক শিক্ষার গুরুত্ব

দেশের অর্থনৈতিক উন্নয়নের জন্য ব্যবসা-বাণিজ্য ও শিল্পের বিকাশ অপরিহার্য। কিন্তু এই উন্নয়নের পশ্চাতে উপযুক্ত জ্ঞানসম্পন্ন অভিজ্ঞ লোকের যথেষ্ট প্রয়োজনীয়তা রয়েছে। দেশের ব্যবসা-বাণিজ্য ও শিল্পে সমৃদ্ধশালী করে তোলার জন্য বিশেষ ধরনের শিক্ষায় শিক্ষিত লোকের যে প্রয়োজন রয়েছে, এতদিন পর্যন্ত তা মিটানোর কোনো প্রচেষ্টা চালানো হয়নি।

বাণিজ্যিক শিক্ষালাভ করলে বাণিজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রত্যেকেই ব্যাপক জ্ঞান লাভ করে— এর যথার্থ প্রয়োগে

শিক্ষাঙ্গন

সার্থকতা অর্জন করতে সক্ষম হবে। বর্তমান বিশ্বে বহুমুখী বাণিজ্যিক ক্ষেত্রে সাফল্য অর্জন করতে হলে বাণিজ্য সম্পর্কে ব্যবহারিক জ্ঞান লাভ করতে হবে। ব্যবসা-বাণিজ্যের সংগঠন ও পরিচালনার ক্ষেত্রেও সার্থকতা লাভের জন্য অর্থনীতিতে ভাল দখল রাখতে হবে। বাণিজ্যিক শিক্ষার মাধ্যমে এসব উদ্দেশ্য বাস্তবায়িত হওয়া সহজতর।

সম্প্রদায় বাণিজ্যিক শিক্ষার প্রয়োজনীয়তা উপলব্ধি করতে সক্ষম হয়নি। তখন সমস্যা এতো প্রকট ছিল না। বিশেষতঃ প্রতিযোগিতামূলক পরিস্থিতির সম্মুখীন তারা হননি। ইউরোপীয় যন্ত্র শিল্পের বিকাশে পরিস্থিতি জটিলতা ধারণ করে। এবং আমাদের দেশ পশ্চাৎপদ হয়ে পড়ে। সেই অনগ্রসরতা আমরা স্বাধীনতা পরবর্তীকালে অতিক্রম করতে সক্ষম হয়েছি। কিন্তু বর্তমানে সমগ্র বিশ্বের

সঙ্গে আমাদের প্রতিযোগিতায় অবতীর্ণ হতে হয়েছে। বিরাট প্রতিযোগিতার সাফল্য নিহিত রয়েছে যথোপযুক্ত শিক্ষার মধ্যে। তাই শিক্ষার প্রয়োজনীয়তা সকলে উপলব্ধি করতে পেরেছেন। বর্তমানে স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়ে বাণিজ্যিক শিক্ষা চালু করা হয়েছে। হিসাব রক্ষণ, কারবার পদ্ধতি, শর্টহ্যান্ড, টাইপরাইটিং, ব্যবসা-বাণিজ্য ও বাণিজ্যিক আইন-কানুন প্রভৃতি সম্পর্কে জ্ঞান লাভ করতে পারলে ব্যবহার ক্ষেত্রে সাফল্য লাভ দ্রুততর হবে এবং বেকার সমস্যাও হ্রাস পাবে।

—কাজী মোহাম্মদ মঈনুদ্দিন